

ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের

২০২৬ সালের এস.এস.সি পরীক্ষার্থীদের মঙ্গলাশীষ ও বিদায় সম্বর্ধনা অনুষ্ঠান

৯ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল এর ২০২৬ খ্রিষ্টাব্দের এস.এস.সি. পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও মঙ্গলাশীষ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অত্র স্কুলের প্রধান শিক্ষক মি. রতন পিটার গমেজ, ঢাকা ক্রেডিট ইউনিয়নের ব্যবস্থাপনা কমিটির সদস্য মি. সলোমন আই. রোজারিও, নন্দা শাখার ম্যানেজার মি. সোহেল রোজারিও, প্রাক্তন প্রধান শিক্ষক মি. আনন্দ চৌধুরী, শিক্ষকমন্ডলী, মাধ্যমিক শাখার শিক্ষার্থী ও বিদায়ী এস.এস.সি. শিক্ষার্থীবৃন্দ।



প্রথমে একটি সার্বজনীন প্রার্থনার মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু করা হয়। প্রধান শিক্ষক মি. রতন পিটার গমেজ তাঁর স্বাগত বক্তব্যে সকলকে স্বাগত জানিয়ে বিদায়ী শিক্ষার্থীদের সাফল্য কামনা করে প্রয়োজনীয় উপদেশ দেন।



তিনি আরও বলেন যে, স্কুলে পদার্পন করার মধ্যে দিয়ে যে সম্ভাবনার বীজ রোপিত হয়েছিল তা আজ প্রস্ফুটিত হওয়ার সময়। এছাড়াও বিশেষ অতিথিবৃন্দ বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। ঢাকা ক্রেডিট ইউনিয়নের ব্যবস্থাপনা কমিটির সদস্য মি. সলোমন আই. রোজারিও শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন যে, তারা যেন পরীক্ষার হলে গিয়ে ভীত হয়ে না পড়ে। ধীর স্থির শান্ত হয়ে সকল প্রশ্নের উত্তর দেয়।



মি. সোহেল রোজারিও বিদায়ী শিক্ষার্থীদের জন্য আশির্বাদ কামনা করেন। স্কুলের শিক্ষার্থীদের পক্ষে হতে বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে মানপত্র পাঠ করেন দশম শ্রেণির শিক্ষার্থী শ্রেয়া মাঝি। বিদায়ী শিক্ষার্থীদের পক্ষে অনুভূতি প্রকাশ করে যথাক্রমে সেন্ডি চিসিম ও মেহা মালো।



এর পর একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ফা. পিন্টু কস্তা পরীক্ষার্থীদের সাফল্য ও মঙ্গল কামনা করে আশীর্বানী প্রদান করেন এবং প্রত্যেকের মঙ্গলের জন্য আশীর্বাদ প্রদান করেন।